

ই-কমার্সে অনলাইন মার্কেটিং

আনোয়ার হোসেন

৩য় পর্ব

ব্যবসায়ের সফলতার জন্য সঠিক সময়ে সঠিক ক্রেতাদের কাছে পৌঁছাতে পারা খুবই জরুরি। কেননা একজন পোশাক বিক্রেতা যদি শীতের সময় গরমের পোশাক আর গরমের সময় শীতের পোশাক নিয়ে ক্রেতাদের কাছে হাজির হন, তবে তিনি যে ব্যর্থ হবেন সে কথা বলাই বাহুল্য। কেননা, পোশাকগুলোর বিক্রির জন্য সে বিক্রেতা সঠিক সময় বেছে নেননি।



গুগল অ্যাডওয়ার্ডসের সাহায্যে অনলাইনে বিজ্ঞাপন দিলে আপনি সঠিক সময়ে নতুন নতুন ডিভাইস ব্যবহারকারী নতুন নতুন ক্রেতাদের কাছে পৌঁছাতে পারবেন। বিজ্ঞাপনের মাধ্যম এখানে অনলাইন। তাই ডিভাইসের ভূমিকা খুবই গুরুত্ব বহন করে। প্রতিনিয়ত বাজারে নতুন নতুন ডিভাইস আসছে। এসব নতুন ডিভাইস ব্যবহারকারীদের কাছে পৌঁছাতে পারা অনলাইন মার্কেটিংয়ে সফলতার অন্যতম শর্ত। এখানে আমরা জানব ব্যবসায়ের লক্ষ্য অনুযায়ী কীভাবে অ্যাডওয়ার্ড ক্যাম্পেইন করা যায়।

প্রতিটি সেকশনে কিছু প্রশ্ন থাকবে, যেগুলোর উত্তরের ওপর নির্ভর করে সুপারিশ ও নির্দেশনা দেয়া হবে, যা আপনার অ্যাডওয়ার্ডে বিনিয়োগকে কার্যকর করতে সাহায্য করবে।

এখানে যে বিষয়গুলো থাকবে

- সঠিক ক্যাম্পেইন সেটিং পছন্দ করা।
- কার্যকর অ্যাড বানানো।
- সঠিক কিওয়ার্ড নির্ধারণ করা।
- অ্যাড প্রদর্শিত হচ্ছে নিশ্চিত হওয়া।
- অ্যাড কেমন করছে দেখা।
- সঠিক ক্যাম্পেইন সেটিং পছন্দ করা।
- অ্যাড দেখানোর জন্য অ্যাডওয়ার্ডস ক্যাম্পেইন তৈরি করা।
- মার্কেটিং লক্ষ্য ঠিক করা।

- ক্যাম্পেইনের ধরন পছন্দ করা।
- যে ভৌগোলিক স্থানে অ্যাড দেখাতে চান তা ঠিক করা।
- বড এবং বাজেট ঠিক করা।

অ্যাড দেখানোর জন্য অ্যাডওয়ার্ডসে ক্যাম্পেইন করতে হবে। এ সময় আপনি ঠিক করবেন অ্যাডের জন্য কত টাকা ব্যয় করতে চান এবং অ্যাড কোথায় প্রদর্শন করতে চান।

মার্কেটিং লক্ষ্য ঠিক করা

ক্যাম্পেইন সেট করার সময় আপনাকে কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে ঠিক করে নিতে হবে। সে জন্য প্রথমেই ঠিক করে নিতে হবে মার্কেটিংয়ের লক্ষ্য। আপনি যদি জানেন অ্যাড থেকে আপনি কী অর্জন করতে চান, তবে অ্যাডওয়ার্ডস আপনাকে সাহায্য করতে পারে এমন ফিচারগুলো খুব সহজেই বেছে নিতে সক্ষম হবেন।

এখানে কিছু সাধারণ ও বহুল ব্যবহার হওয়া মার্কেটিং লক্ষ্য সম্পর্কে জানা যাক, যেগুলো আপনাকে আপনার লক্ষ্য নির্ধারণে সাহায্য করবে-

- ওয়েবসাইট থেকে কেনাকাটা।
- ওয়েবসাইটে ভিজিটর বাড়ানো।
- ওয়েবসাইটে নির্দিষ্ট কোনো কাজ করা (কোনো ফরম পূরণ করা)।
- ব্যবসায় কল করা।
- অ্যাড পারফরম্যান্স দেখা।

সাধারণত ব্যবসায়ের লক্ষ্য বা পণ্যের ক্যাটাগরি অনুযায়ী ক্যাম্পেইন বানানো যায়। উদাহরণস্বরূপ একটি অনলাইন ইলেক্ট্রনিক স্টোরের ক্ষেত্রে একটি ক্যাম্পেইন হতে পারে টেলিভিশনের সেলের জন্য, অন্য একটি হতে পারে ক্যামেরা সেলের জন্য। এভাবে আরও অনেক ক্যাম্পেইন করা যেতে পারে।

ক্যাম্পেইন টাইপ পছন্দ করা

নতুন ক্যাম্পেইন বানানোর সময় সবার প্রথমে ক্যাম্পেইনের ধরন ঠিক করে নিতে হয়। এই ঠিক করে নেয়ার ওপর নির্ভর করবে কোথায় অ্যাড দেখাবে, কি ধরনের অ্যাড বানানো যাবে এবং অ্যাড কাস্টোমাইজড করার সেটিং।

ক্যাম্পেইন টাইপ পছন্দ করার জন্য নিচের বিবৃতিগুলোর যেটির সাথে আপনার অ্যাড ক্যাম্পেইনের লক্ষ্য সবচেয়ে বেশি মিলবে,

সেটি পছন্দ করতে পারেন।

- আমার পণ্য বা সেবার প্রতি আগ্রহ আছে এমন ব্যক্তিদের কাছে পৌঁছানোর সবচেয়ে সহজ উপায় চাই।
- ওয়েবে আপনার পণ্য বা সেবার খোঁজ করছেন বা আপনার অফারের সাথে মিলে এমন সব ওয়েব কনটেন্টের খোঁজ যারা করেন, তাদের কাছে অ্যাড পৌঁছাতে চাইলে সার্চ নেটওয়ার্ক ব্যবহার করে অ্যাড দিতে পারেন। এ ক্ষেত্রে অ্যাড গুগল সার্চ নেটওয়ার্কে ও গুগল ডিসপ্লে নেটওয়ার্কে প্রদর্শিত হবে।
- গুগল সার্চ নেটওয়ার্ক : এখানে আপনার টেক্সট অ্যাড প্রদর্শিত হবে গুগল এবং গুগল ছাড়া সার্চ পার্টনার সাইটগুলোতে। ভিজিটরের আপনার পণ্য বা সেবার মতো কোনো কিছু সার্চ করে থাকলে অ্যাডে আগ্রহ দেখানো ও ক্লিক করার সম্ভাবনা বেড়ে যাবে। ধরা যাক, অ্যাড্রিডি টেলিভিশন কিওয়ার্ডটি নিয়ে আপনি কাজ করছেন। এখন কেউ যদি এই কিওয়ার্ড ব্যবহার করে গুগলে সার্চ করেন, তবে আপনার অ্যাডটিকে সার্চ রেজাল্টের পাশে দেখাবে।
- গুগল ডিসপ্লে নেটওয়ার্ক : আপনার অ্যাড স্বয়ংক্রিয়ভাবে ওয়েবসাইট বা অন্যান্য জায়গায় যেমন মোবাইল ফোন অ্যাপের সাথে মিল খুঁজে নিয়ে রিলেটেড কনটেন্ট আছে এমন পেজগুলোতে অ্যাডওয়ার্ড অ্যাড দেখাবে। উদাহরণস্বরূপ, আপনার ব্যবহার করা কিওয়ার্ডগুলোর একটি যদি হয় ডিজিটাল ক্যামেরা, তবে ডিজিটাল ক্যামেরা নিয়ে কোনো একটি ব্লগে আপনার অ্যাডটি দেখানো হবে।

যা করতে পারেন

- ক্যাম্পেইন টাইপ : সার্চ নেটওয়ার্ক উইথ ডিসপ্লে সিলেক্ট করুন।
- ক্যাম্পেইন সাব টাইপ : আপনি নতুন অ্যাডভার্টাইজার হলে বা ক্যাম্পেইন সেটআপে অনেক অপশন অ্যাডে চলতে চাইলে স্ট্যান্ডার্ড ক্যাম্পেইন সাবটাইপ সিলেক্ট করতে হবে। অ্যাডওয়ার্ডের বাড়তি ফিচারগুলোর সুবিধা পেতে চাইলে মিডিয়া রিচ অ্যাড বানাতে হবে অথবা নির্দিষ্ট সাইট বা পেজের জন্য আপনার অ্যাডকে টার্গেট করতে হবে এবং অল ফিচার সাবটাইপ সিলেক্ট করতে হবে।

কীভাবে বিভিন্ন ধরনের ক্যাম্পেইন

কাজ করে

অ্যাডওয়ার্ডে অ্যাড দেয়ার শুরুতেই ক্যাম্পেইনের টাইপ এবং সাবটাইপ বেছে নিতে বলা হবে। ক্যাম্পেইন টাইপের ওপর ভিত্তি করে কাস্টোমাইজার আপনার অ্যাডটিকে কোথায় দেখবেন সেটা নির্ভর করে। তাই অ্যাড টার্গেট করার মাধ্যমে ক্যাম্পেইন টাইপ বেছে নেয়ার বিষয়ে আরও সুনির্দিষ্ট হতে হবে।

ক্যাম্পেইন টাইপ

- সার্চ নেটওয়ার্ক উইথ ডিসপ্লে সিলেক্ট।
- সার্চ নেটওয়ার্ক অনলি।
- ডিসপ্লে নেটওয়ার্ক অনলি।
- শপিং। • ভিডিও। • ইউনিভার্সাল

